

# ঢাবিসহ ৯ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগ

অনলাইন ডেস্ক

১০ আগস্ট, ২০২৪ ২১:১৪

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মাকসুদ কামাল ও সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ পদত্যাগ করেছেন। এ নিয়ে এখন পর্যন্ত ৯ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদত্যাগ করলেন।

শনিবার (১০ আগস্ট) শিক্ষা মন্ত্রণালয়ের সচিবের মাধ্যমে পদত্যাগপত্র জমা দেন ঢাবি উপাচার্য। বিষয়টি নিশ্চিত করে ড. মাকসুদ কামাল বলেন, ‘বিষয়টি নিয়ে গত শুক্রবার রাতে অন্তর্বর্তী সরকারের একজন উপদেষ্টার সঙ্গে আমার আলোচনা হয়েছে।

স্বাভাবিক সৌজন্যতার জায়গা থেকেই আমি এই আলোচনা করেছি। আমার পদত্যাগপত্র আগেই তৈরি ছিল। আমার মনে হয়েছে শিক্ষার্থী ও বিশ্ববিদ্যালয়ের স্বার্থেই আমার পদত্যাগ করা দরকার।’

এর আগে শুক্রবার ঢাবি প্রক্টরসহ প্রক্টরিয়াল বডি পদত্যাগ করেন।

এ ছাড়া সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগের বিষয়টি গণমাধ্যমকে জানায় ওই বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর।

বিশ্ববিদ্যালয়টির ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. ফজলুর রহমান বলেন, ‘উপাচার্যের পদত্যাগের বিষয়টি জেনেছি। তবে দাপ্তরিক কোনো কাগজ আসেনি।’ এর আগে শাবিপ্রবির উপাচার্য, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ, প্রক্টরিয়াল বডি, ছাত্র উপদেষ্টা, প্রভোস্ট বডি, শিক্ষক সমিতিসহ আন্দোলনের বিরুদ্ধে অবস্থান নেওয়া সব শিক্ষক ও প্রশাসনিক কর্মকর্তাদের নিজ নিজ দায়িত্ব থেকে পদত্যাগ করার ২৪ ঘণ্টার আলটিমেটাম দেয় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন।

প্রসঙ্গত, এই দুই বিশ্ববিদ্যালয় ছাড়াও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া বিশ্ববিদ্যালয়, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদত্যাগ করেছেন।